

ভর্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে অন-ক্যাম্পাস স্নাতক, চার বিষয়ে ভর্তির আবেদন শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৫ জুন ২০২৬, ১১: ৫৯



ছবি: সংগৃহীত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিতে আজ বৃহস্পতিবার থেকে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আবেদন চলবে ২৩ জুলাই ২০২৬ রাত ১২টা পর্যন্ত। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত চার বছর মেয়াদি আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি করা হবে। এ বছর এলএলবি, বিবিএ, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং

নিউট্রিশন অ্যান্ড ফুড সায়েন্স বিষয়ে শিক্ষার্থী ভর্তি করা হবে।

আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার টাকা। আবেদন ফি পরিশোধের পর আবেদনকারীদের আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

ভর্তি পরীক্ষা কত নম্বরে ও মেধাতালিকা যেভাবে—

ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তী সময়ে পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। ভর্তি পরীক্ষা ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও সংশ্লিষ্ট গ্রুপভিত্তিক বিষয়ে প্রশ্ন থাকবে। পরীক্ষার পাস নম্বর ৩৫। মেধাতালিকা প্রণয়নের ক্ষেত্রে ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সঙ্গে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে আরও ১০০ নম্বর যুক্ত করে মোট ২০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোনো শিক্ষার্থী মেধাতালিকায় স্থান পাবেন না।

ভর্তি পরীক্ষা ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও সংশ্লিষ্ট গ্রুপভিত্তিক বিষয়ে প্রশ্ন থাকবে। পাস নম্বর ৩৫।

আবেদনের যোগ্যতা—

মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ ও উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ক্ষেত্রে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ ও মোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। এ ছাড়া 'ও' লেভেল এবং 'এ' লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্যও আবেদনের সুযোগ রাখা হয়েছে। বিদেশি সনদধারী শিক্ষার্থীরাও নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

বিজ্ঞপ্তি অনুযায়ী, প্রাথমিক আবেদন ফি এক হাজার টাকা হলেও চূড়ান্ত ভর্তি ও নিবন্ধনসহ বিভিন্ন খাতে শিক্ষার্থীদের মোট ১৫ হাজার ১৪৫ টাকা পরিশোধ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এটি একটি অনাবাসিক বিশ্ববিদ্যালয় হওয়ায় আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি হওয়া শিক্ষার্থীদের আবাসিক সুবিধা প্রদান করা হবে না। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে পাওয়া যাবে।

